

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় মুটকোর্ট টিমের সাফল্য

নিজস্ব প্রতিবেদক •

পুরস্কার জিতেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় মুটকোর্ট টিম। বিশ্ববিদ্যালয় সূত্র জানামু, যুদ্ধাপরাধ বিচারের আইন বিষয়ে কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং এশিয়ানসিলের বাংলাদেশ চ্যান্সেলর যৌথ আয়োজনে গত ২০ থেকে ২২ অক্টোবর জাতীয় হেনরি ডুন্যান্ট মেমোরিয়াল মুটকোর্ট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বাংলাদেশের মোট ২৩টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থীরা অংশ নেন। ওই প্রতিযোগিতায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মুটকোর্ট টিমের প্রতিনিধিত্ব করেন মোহাম্মদ পিঞ্জয়ার হোসেন, জাম্মাতুল শরীয়াত ও তাইয়াবা তাসমীন। টিমের কোচ হিসেবে দায়িত্ব পালন করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক তুরিন আফরোজ।

এই প্রতিযোগিতায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মুট টিম হচ্ছে একমাত্র প্রতিযোগী দল, যারা প্রতিযোগিতার প্রতিটি পর্যায়ে অপরাজিত থাকে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় মুটকোর্ট টিম একই সঙ্গে যুদ্ধাপরাধ বিচারের আইন বিষয়ে 'শ্রেষ্ঠ গবেষণাকারী দল' হিসেবে পুরস্কারও জিতে নেয়। প্রতিযোগিতার বিভিন্ন রাউন্ডে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগের মাননীয় বিচারকমণ্ডলী।